রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১২, ১৯৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**আইন-১**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮শে জ্যৈষ্ঠ ১৪০৪ বাং/১১ই জুন ১৯৯৭ ইং

এস, আর, ও, নং ১২৫-আইন/৯৭/স্থাসবি/আইন-১/আর-৫/৯৭—রাজশাহী সিটি কর্পোরেশন আইন, ১৯৮৭ (১৯৮৭ সনের ৩৮ নং আইন) এর ধারা ১৫৬ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা রাজশাহী নগরী সীমানা পরিবর্তন বিধিমালা, ১৯৯৭ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায় "নগরী" অর্থ রাজশাহী সিটি কর্পোরেশন আইন, ১৯৮৭ (১৯৮৭ সনের ৩৮ নং আইন) তে সংজ্ঞায়িত "রাজশাহী নগরী" বা "নগরী"।

৩। **কোন এলাকা নগরীর অন্তর্ভুক্তকরণ।**—নগরী সংলগ্ন কোন এলাকার অন্যূন তিন-চতুর্থাংশ অধিবাসী পূর্ণ বয়স্ক পুরুষ এবং অকৃষিজীবী হইলে সরকার উক্ত এলাকাকে, এই বিধিমালার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, নগরীর অন্তর্ভুক্ত করিতে পারিবে।

৪। **গণবিজ্ঞপ্তি।**—(১) ক্যান্টনমেন্ট এলাকা ব্যতীত, নগরী সংলগ্ন কোন এলাকাকে নগরীর অন্তর্ভুক্ত করিতে অথবা নগরীর অন্তর্ভুক্ত কোন এলাকাকে নগরীর বহির্ভূত করিতে চাহিলে



মূল্যঃ টাকা ১.০০

সরকার বিভাগীয় কমিশনারকে উক্ত এলাকার অধিবাসীগণের নিকট হইতে এই সম্পর্কে পরামর্শ বা আপত্তি আহবান করিয়া গণবিজ্ঞপ্তি জারীর নির্দেশ প্রদান করিবে।

(২) উপ-বিধি (১) অনুসারে যে গণবিজ্ঞপ্তি জারী করা হইবে উহাতে সংশ্লিষ্ট এলাকার মৌজা বা মৌজাসমূহের জে, এল, নম্বর ও নামসহ সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য তথ্যাদি উল্লেখ করিতে হইবে।

(৩) কোন গণবিজ্ঞপ্তি কয়েকটি বহুল পরিচিত প্রকাশ্য স্থানে ঝুলাইয়া রাখিলে এবং ঢোল সহরত করিয়া উহার বিষয় সম্পর্কে এলাকাবাসীকে অবহিত করিলে উহা, এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, জারী করা হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(৪) উপ-বিধি (১) অনুসারে কোন গণবিজ্ঞপ্তি জারী করা হইলে, জারীর তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে সংশ্লিষ্ট এলাকার যে কোন অধিবাসী গণবিজ্ঞপ্তিতে উল্লেখিত বিষয়ে তাহার পরামর্শ বা আপত্তি বিভাগীয় কমিশনারের নিকট দাখিল করিতে পারিবেন।

৫। **বিভাগীয় কমিশনার কর্তৃক তদন্ত অনুষ্ঠান।**—(১) বিধি ৪ এর অধীন গণবিজ্ঞপ্তি জারীর প্রেক্ষিতে কোন পরামর্শ বা আপত্তি পাওয়া গেলে উহা প্রাপ্তির দশ দিনের মধ্যে বিভাগীয় কমিশনার উহার যথার্থতা তদন্ত করিয়া তাহার মতামতসহ সরকারের নিকট প্রতিবেদন পেশ করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর সরকার সংশ্লিষ্ট এলাকাকে নগরীর অন্তর্ভুক্তকরণ বা বহির্ভূতকরণ সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

৬। **প্রজ্ঞাপন জারী।**—বিধি ৫ এর অধীন সরকার কোন এলাকাকে নগরীর অন্তর্ভুক্ত বা বহির্ভূত করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিলে যে তারিখ হইতে উক্ত এলাকা নগরীর অন্তর্ভুক্ত কিংবা বহির্ভূত হইবে তাহা উল্লেখ করিয়া সরকার সরকারী গেজেটে প্রজ্ঞাপন জারী করিবে।

৭। **প্রজ্ঞাপন জারীর ফল।**—বিধি ৬ এর অধীন প্রজ্ঞাপন জারীর প্রেক্ষিতে যদি কোন পৌরসভা বা ইউনিয়ন পুনর্গঠনের প্রয়োজনীয়তা দেখা দেয়, তাহা হইলে সরকার উক্ত পৌরসভা বা ইউনিয়ন পুনর্গঠনসহ উহার কর্মচারী, সম্পদ এবং দায়-দায়িত্ব বন্টন সম্পর্কে যেরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিবে।

৮। **রহিতকরণ।**—The Declaration and Alterations of Municipalities Rules, 1978 রাজশাহী নগরীর প্রতি-প্রয়োগের ক্ষেত্রে এতদ্বারা রহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খন্দকার রেজাউর রহমান

উপ-সচিব (আইন)।

মোহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত
মোঃ সিকান্দার আলী মন্ডল, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।